



# ওয়ারশি পরিবার

একটি দাতব্য প্রতিষ্ঠান (ট্রাস্ট)

রেজিঃ নং- ০৫৫২৩ (পঃ বঃ)

দৌলতলা, সৎচাষীপাড়া, মধ্যমগ্রাম, কোলকাতা - ৭০০ ১৩২

ওয়েবসাইড : [www.warshipariwar.com](http://www.warshipariwar.com) , [www.facebook.com/warshi\\_pariwar](http://www.facebook.com/warshi_pariwar) , ই-মেল : [secretary@warshipariwar.com](mailto:secretary@warshipariwar.com) ,  
[treasurer@warshipariwar.com](mailto:treasurer@warshipariwar.com), ফোন : ৯৭৪৮৯৭৮৮৫৭, ৯৮৩০০৫৯৫৯৯, ৯০৬২১১৫২২৭

## নিয়মাবলী ও শর্তাবলী প্রত্যেক সদস্যদের দায়িত্ব ও কর্তব্য

১. ট্রাস্টের সদস্যপদসমূহ সংগ্রহ করার জন্য প্রার্থীকে ট্রাস্টের সম্পাদকের নিকট আবেদন পত্র জমা দিতে হবে। সঙ্গে একটি পরিচয়পত্র ও দু কপি পাসপোর্ট সাইজের কালার ফটো জমা দিতে হবে। এছাড়া ট্রাস্টের কোন সদস্যর সুপারিশ পত্র লাগিবে।
২. ওয়ারশি ভাই-বোন ও তাদের পরিবারভুক্ত সদস্যগণ ট্রাস্টের সদস্য হতে পারবেন।
৩. ওয়ারশি ভাই-বোন ছাড়া অন্য ব্যক্তিগণ সদস্য হতে চাইলে সেটেলারের অনুমতিক্রমে সদস্য গ্রহন করিতে পারবেন।
৪. ট্রাস্টের সদস্য হতে গেলে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে। ভারতীয় বংশভূত বিদেশী নাগরিকগণ সেটেলারের অনুমতিক্রমে সদস্য হতে পারবেন।
৫. আবেদনকারীর নামে কোন ফৌজদারী মামলা না থাকাই বাঞ্ছনীয়। থাকলে, মামলার বিষয়ের গুরুত্ব বিচার করে কেবলমাত্র সেটেলার কোনো অভিযুক্ত ব্যক্তিকে সদস্য হওয়ার অনুমতি দিতে পারবেন।
৬. কোন সদস্য তার সদস্যপদ ছেড়ে দিতে চাইলে, তাকে ট্রাস্টের সম্পাদকের নিকট লিখিত দরখাস্তপত্র জমা দিতে হবে। উক্ত পত্র ই-মেল, স্বশরীরে বা ডাকপোস্টের(রেজিষ্টার) মাধ্যমে পাঠাতে পারবেন।
৭. প্রত্যেক সদস্যকে প্রতি মাসে ৫৫ টাকা করিয়া (২০১৬-২০১৭) সপ্ত পর্যন্ত এবং ৫৮.৭৫ টাকা করিয়া পরবর্তী বৎসর হইতে মাসিক সদস্য ফি হিসাবে প্রদান দিতে হবে।
৮. সদস্যদের ট্রাস্টের সাংগঠনিক নিয়মাবলী মেনে চলতে হবে এবং প্রতিষ্ঠানের সমাজসেবামূলক উদ্দেশ্যগুলি যাতে পূরণ করা যায় তার দিকে দৃষ্টি রাখতে হবে।
৯. প্রতিষ্ঠানকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নতুন বিষয় ভাবনা প্রকাশ করা প্রত্যেক সদস্যদের দায়িত্ব ও কর্তব্য।
১০. গৃহিত প্রকল্পগুলিকে বাস্তবায়িত করতে সর্বতোভাবে সাহায্য করা।
১১. নিয়মিত যোগাযোগের মাধ্যমে সুনিবিড় পারস্পরিক সম্পর্ক স্থাপন করা প্রত্যেক সদস্যদের দায়িত্ব ও কর্তব্য।
১২. স্থানীয় অঞ্চলের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ রক্ষা করা।
১৩. গুরুজনদের প্রতি সম্মান ও শ্রদ্ধা এবং ছোটদের প্রতি স্নেহ প্রীতি ভালবাসা প্রদান করা এবং সহিষ্ণুতা বজায় রাখা।
১৪. নিজ নিজ ভুলত্রুটি সংশোধন করা, দুর্বলতা কাটিয়ে তোলা।
১৫. সরকার ওয়ারশি পাকের আদর্শ ও বাণী অনুশীলন করা।
১৬. পরচর্চা, পরনিন্দা ও কু-বাক্য না বলা।
১৭. প্রতিষ্ঠানের সীমানার মধ্যে অ্যালকোহল পান না করা এবং অ্যালকোহল পান করে প্রতিষ্ঠানের সভায় যোগ দেওয়া ও প্রতিষ্ঠানকে প্রতিনিধিত্ব করা অমার্জনীয় অপরাধ।
১৮. প্রতিষ্ঠানের প্রতিটি অনুষ্ঠানের শালীনতা রক্ষা করার জন্য সতর্ক দৃষ্টি রাখা।
১৯. কোন সদস্য শৃঙ্খলাভঙ্গ করলে কার্যকরী কমিটি তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করতে পারবে।

“জীবে প্রেম করে যেই জন, সেইজন সেবিছে ঈশ্বর” - স্বামী বিবেকানন্দের বাণী ও  
পথ এবং সরকার ওয়ারশি পাকের চিন্তা, মত ও পথকে পাথেয় করে  
আমরা সকলে মিলে আসুন মানব সেবায় ব্রতী হই।

বিঃদ্রঃ - বিষয়গুলি ভাল করে পড়ে, অনুধাবন করে সদস্য হওয়ার জন্য আবেদন করুন।